

া নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি ছালাত পাঠ প্রসঙ্গে উপকারী গুরুত্বপূর্ণ কিছু তথ্য - চতুর্থ তথ্য

হে পাঠক অবগত হোন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর ছালাত পাঠের শব্দাবলীর প্রথম প্রকার ও চতুর্থ প্রকার শব্দ রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ছাহাবাগণকে শিক্ষা দিয়েছিলেন যখন তারা তাকে তার প্রতি ছালাত পাঠের পদ্ধতি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলেন। এর দ্বারাই এ মর্মে দলীল গ্রহণ করা হয় যে, এগুলোই হচ্ছে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর ছালাত পাঠের উত্তম পদ্ধতি। কারণ তিনি তাদের জন্য ও নিজের জন্য ঐ পদ্ধতিটিই তো পছন্দ করবেন। যেটি অধিক উন্নত ও অধিক উত্তম। এজন্য ইমাম নববী "আররাওয়াহ" গ্রন্থে একথাকে সঠিক বলেছেন যে, কোন ব্যক্তি যদি কসম করে যে, সে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর সর্বোত্তম ছালাত পাঠ করবে- তবে ঐ ব্যক্তি উক্ত কসম থেকে মুক্ত হতে পারবে না সেই পদ্ধতিটি ছাড়া। সুবকী এর কারণ দর্শিয়েছেন এই ভাবে যে, যে ব্যক্তি উক্ত পদ্ধতি অবলম্বন করলে ঐ ব্যক্তি দ্বিধাহীনভাবে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি ছালাত পাঠ করলো। আর যে ব্যক্তিই এতদভিন্ন অন্য পদ্ধতি অবলম্বন করবে সে সন্দেহযুক্তভাবে কাম্য ছালাত পাঠ করবে। কারণ তারা তো বলেছিলেন কিভাবে আমরা আপনার উপর ছালাত পাঠ করব? তখন তিনি বলেছিলেন অর্থাৎ তোমরা বল.....। তাদের এরপ বলাকেই তাঁর প্রতি ছালাত পাঠ বলে গণ্য করেছেন।

হায়তামী "আদুররুল মানূযুদ" গ্রন্থে (কাফ ২৫/২) অতঃপর (কাফ ২৭/১) উল্লেখ করেছেন যে, ঐ সকল পদ্ধতির দ্বারা উদ্দেশ্য হাছিল হয়ে যাবে যেগুলো বিভিন্ন ছহীহ হাদীছে এসেছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8178

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন